# শেখ হাসিনার জ্বালানি নীতির কারণেই বিদ্যুৎ সংকট: ইশরাক




ইশরাক হোসেন। ছবি: সংগৃহীত

দেশে বিদ্যুৎ নিয়ে চলমান ভোগান্তির জন্য সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের জ্বালানি নীতিকে দায়ী করেছেন মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। তিনি বলেন, জ্বালানি খাতকে সিন্ডিকেটের প্রভাবমুক্ত করতে বর্তমান সরকার নতুন নীতিমালা তৈরি করেছে। আগামী সংসদ অধিবেশনে সেটি উপস্থাপন করা হবে।

মঙ্গলবার (১১ আগস্ট) মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার স্যার জগদীশ জে সি বোস ইনস্টিটিউশন অ্যান্ড কলেজ এবং বিক্রমপুর ভূঁইয়া মেডিকেল কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

ইশরাক হোসেন বলেন, ২০২৪ সালের গণঅভ্যুত্থানে ছাত্রদলের ১৪৮ নেতাকর্মী নিহত হয়েছেন। তার দাবি, বিএনপির নেতাকর্মীরা দীর্ঘ ১৭ বছর ধরে গুম, হত্যা ও নির্যাতনের শিকার হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানেও ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলা ও নিপীড়নের ঘটনা ঘটেছে বলে উল্লেখ করেন তিনি।

অতীতে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের কেউ কেউ বর্তমানে নিজেদের আন্দোলনের অংশ হিসেবে তুলে ধরছেন বলেও মন্তব্য করেন ইশরাক। তিনি এ ধরনের দাবিকে হাস্যকর বলে উল্লেখ করেন।

বর্তমানে আন্দোলনের নামে বিভিন্ন মহল থেকে অপপ্রচার ও বিভ্রান্তি ছড়ানোর অভিযোগও করেন প্রতিমন্ত্রী। তার দাবি, এসব পক্ষের কেউ কেউ এখন বিদ্যুৎ ও জ্বালানি সংকটকে কেন্দ্র করেও নতুন করে আন্দোলনের চেষ্টা করছে।

LENS ASIA